

আবাসন শিল্পে ৫ হাজার কোটি টাকা লগ্নি করবে ইডেন রিয়েলিটি

আজকালের প্রতিবেদন

আগামী ৬ বছরের মধ্যে বিভিন্ন আবাসন প্রকল্পে ৫০০০ কোটি টাকা লগ্নি করার লক্ষ্য স্থির করেছে ইডেন রিয়েলিটি ভেঙ্গারস প্রাইভেট লিমিটেড। সোমবার হাওড়ার উচ্চতম স্কাই গার্ডেন ‘জলসা’-র উদ্বোধনী অনুষ্ঠানে একথা জানালেন রিয়েল এস্টেট সংস্থার ম্যানেজিং ডিরেক্টর আর্য সুমন্ত। তিনি বলেন, ‘২০২২ সালে আমরা কলকাতায় ২১ হাজার ২৪০টি ফ্ল্যাট-বাড়ি বিক্রি করেছি। গত বছর তা প্রায় ৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০২৩-এ কলকাতা শহরে ২৩ হাজার ৩০টি ফ্ল্যাট-বাড়ি বিক্রি করেছি। ২০৩০ সালের মধ্যে আমরা আবাসন বিভাগের নির্মাণ প্রকল্পে ৩২০০ কোটি এবং রিটেল ও বাণিজ্যিক বিভাগের নির্মাণ প্রকল্পে ১৬০০-১৮০০ কোটি টাকা লগ্নি করার পরিকল্পনা নিয়েছি। আগামী ৬ বছরের মধ্যে আমরা নদীর ধারে ৪টি প্রকল্প বাস্তবায়ন করতে চাই। সেখানে থাকবে একটি সাধ্যের মধ্যে থাকা বাড়ি, একটি বাংলো ও ২টি হাইরাইজ আবাসন। উত্তর কলকাতায় একটি শপিং মল তৈরি হবে। মধ্য কলকাতায় ২টি বাণিজ্যিক আবাসন তৈরি হবে। কোনা এক্সপ্রেসওয়ে, রাজারহাট-সহ কলকাতার বিভিন্ন জায়গায় একাধিক ফ্ল্যাট, বাড়ি



হাওড়ার উচ্চতম স্কাই গার্ডেন জলসা-র উদ্বোধন করছেন গায়ক, পরিচালক অনিন্দ্য চ্যাটার্জি। রয়েছেন আর্য সুমন্ত, সচিদানন্দ রায়, কুমার সাত্যকি, বিশ্বদীপ গুপ্ত ও মলয় ঘোষ। ছবি: আজকাল

তৈরির পরিকল্পনা রয়েছে আমাদের।’

ইডেন রিয়েলিটি ভেঙ্গারস প্রাইভেট লিমিটেড সংস্থাটি শালিমারে একটি আবাসন প্রকল্প ‘সোলারিস শালিমার’ তৈরি করেছে। প্রকল্পটি দুটি ভাগে বিভক্ত— একটি ১৩ তলা ও অন্যটি ১৮ তলা। ১৮ তলার ছাদে মাটি থেকে ১৯৮ ফুট উচ্চতায় দুটি পর্যায়ে ২০২৮ সালের ডিসেম্বর মাসের মধ্যে তৈরি হবে জলসা। উচ্চতম এই স্কাই গার্ডেন থেকে দেখা যাবে বোটানিক্যাল গার্ডেন, গঙ্গা নদী। উপভোগ করা যাবে সূর্যাস্ত। জলসায় থাকবে পার্টি ডেক, মঞ্চ-সহ স্কাইপ্লেক্স, ওয়ার্ক ফ্রম টেরেস জোন,

যোগা ডেক ও আউটডোর ডাইনিং-সহ আরও অনেক কিছু।

ইডেন রিয়েলিটি প্রপ্রের যুগ্ম ম্যানেজিং ডিরেক্টর কুমার সাত্যকি বলেন, ‘১৮ একর জমিতে সোলারিস শালিমার প্রকল্পে আমরা ৫০০ কোটি টাকা লগ্নি করেছি। ৮টি টাওয়ার বিশিষ্ট এই আবাসনে মোট ১৭০৩টি ফ্ল্যাট রয়েছে। ২৭ লক্ষ ৯৫ হাজার টাকা থেকে ২-বিএইচকে ফ্ল্যাটের দাম শুরু হবে। ৩-বিএইচকে ফ্ল্যাটের দাম শুরু হবে ৪২ লক্ষ ৭০ হাজার টাকা থেকে। চলতি মাসের ২৮ জানুয়ারি ফ্ল্যাটের জন্য আবেদন করার শেষ দিন।’